

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪২.১৩.

তারিখ:

১৪ আষাঢ় ১৪২৫

২৮ জুন ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিনুর রহমান (০১২৬২৩), সহকারি অধ্যাপক (রসায়ন), রামগঞ্জ সরকারি কলেজ, রামগঞ্জ, লক্ষ্মীপুর গত ২৭/১০/২০১১ তারিখ হতে ১০/১২/২০১১ তারিখ পর্যন্ত ছুটি নিয়ে বহিঃবাংলাদেশ গমন করেন। কিন্তু ছুটি শেষ হওয়া সত্ত্বেও গত ১১/১২/২০১১ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি নোটিশের জবাব প্রদান করেননি এবং কারণ দর্শানো নোটিশটি তার বর্তমান কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে অভিযুক্ত কর্মকর্তা বিদেশে থাকায় নোটিশটি ফেরত আসে। পরবর্তীতে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জকে অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারী করে রিটার্ন দাখিল করা জন্য অনুরোধ করা হলে জেলা প্রশাসক জানান যে, অভিযুক্তের পিতার হাতে জারীকারক নোটিশটি জারি করেছেন। বিধি অনুযায়ী তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয়। তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হয়। কিন্তু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটির জবাব প্রদান করেননি এবং ফেরত আসেনি;

যেহেতু, জনাব মোহাম্মদ আমিনুর রহমান এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণ হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩) (সি) অনুযায়ী “চাকরি হতে অপসারণ (Removal from Service)” করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত প্রকাশ করে এবং মহামান্য রাষ্ট্রপতিও সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, জনাব মোহাম্মদ আমিনুর রহমান-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (সি) অনুযায়ী “ চাকরি হতে অপসারণ (Removal from Service)” করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

তারিখ: ২৭.০৬.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪২.১৩.

তারিখ:

১৪ আষাঢ় ১৪২৫

২৮ জুন ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব রুমানা আক্তার আনছারী এর ব্যক্তিগত নথিতে/ডেসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, রামগঞ্জ সরকারি কলেজ, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
- ৯। জনাব মোহাম্মদ আমিনুর রহমান (০১২৬২৩), সহকারি অধ্যাপক (রসায়ন), রামগঞ্জ সরকারি কলেজ, রামগঞ্জ, লক্ষ্মীপুর।

(মুর্শিদা শায়মিন)

উপসচিব

ফোন: ৯৫৫৩২৭৬